দৈনিক ইত্তেফাক

তারিখ MAR 15 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৩

### প্রশাসনিক সংস্কার শীর্ষক সেমিনারে বদরুদ্দোজা চৌধুরী

# প্রশাসনকে গণমুখী এবং বিভিন্ন বিভাগকে স্বায়ত্তশাসন দিতে হবে

বিশেষ সংবাদদাতা ঃ বাংলাদেশের উন্নয়নে প্রশাসনিক সংস্কার শীর্ষক ৩ দিনব্যাপী এক আন্তর্জাতিক সেমিনার গতকাল ঢাকায় হোটেল সোনারগাঁও প্যান প্যাসিফিক-এ শুরু হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকালে এই সেমিনারের উদ্বোধন করেন।

সেমিনারের কর্ম অধিবেশনগুলোতে অংশগ্রহণ করছেন বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সংসদ সদস্য, শিক্ষাবিদ, আমলা এবং দেশ ও বিদেশের প্রশাসনিক বিশেষজ্ঞগণ এবং বিশ্ব ব্যাংকসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিগণ।

গতকাল প্রথম দিনের কর্ম অধিবেশনগুলোতে

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## বদরুদ্দোজা চৌধুরী

শেষের পাতার পর

আলোচকগণ গুরুত্বারোপ করে বলেন যে, প্রশাসনকে অবশ্যই গণমুখী হতে হবে। তারা বলেন, প্রশাসনের বিভিন্ন বিভাগের ভিন্ন ভিন্ন ধরন, চাহিদা ও আঙ্গিকের পেক্ষাপটে প্রশাসনকে ঢেলে সাজানো প্রয়োজন।

বাংলাদেশের প্রশাসনিক সংস্কারের রূপরেখা তৈরী ও বাস্তবায়নের প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা শীর্ষক কর্ম অধিবেশনে সভাপতিত্ব করেন জাতীয় সংসদে বিরোধী দলীয় উপনেতা প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী, সভাপতিত্ব করেন এবং মূল প্রবন্ধ উপস্থাপন জনপ্রশাসন সংস্কার কমিশনের সদস্য জনাব আকিকুল ইসলাম। অনুষ্ঠানের আলোচকদের মধ্যে ছিলেন- জাতীয় পার্টির ব্যারিস্টার রাবেয়া ভুঁইয়া এমপি, জাসদের সাধারণ সম্পাদক জনাব হাসানুল হক ইনু,

পাবলিক সার্ভিস কমিশনের সাবেক চেয়ার জনাব এসএম আল-হোসাইনী, ঢাকা বিশ্ববিদ্যালয় লোক-প্রশাসন বিভাগের অধ্যাপক সৈয়দ গিয়াস উদ্দীন আহমদ, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক হারুনর রশীদ, এলজিইডি'র প্রধান প্রকৌশলী জনাব কামরুল ইসলাম সিদ্দীকি, খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক নজরুল ইসলাম, বৃটিশ কাউন্সিলের ফারাহ কবির প্রমুখ এবং বিদেশ থেকে নিউজিল্যান্ডের লোক-প্রশাসন বিশেষজ্ঞ বব ল্যাকিং, বিশ্বব্যাংক ঢাকা অফিসের সাবেক প্রধান ল্যান্ডেল মিলস, ভারতের রানাগনাথান প্রমুখ। জন-প্রশাসন সংস্কার কমিশনের চেয়ারম্যান জনাব এটিএম শামসুল হক দ্বিতীয় কর্ম অধিবেশনে সূচনা বক্তব্য রাখেন। অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী বলেন, প্রশাসনে আমলাতান্ত্রিক কার্যক্রমে একটা ভয়াবহ অবস্থা বিরাজমান। তিনি বলেন, প্রশাসনকে অবশ্যই জনমুখী হতে হবে। তিনি বলেন, দেশ ও জনগণের প্রয়োজন ও চাহিদা মোতাবেক প্রশাসন গড়ে উঠতে পারছে না। এ জন্য আমলাদের গণভূমিকার যেমন প্রয়োজন, তেমনি প্রয়োজন রাজনৈতিক ঐকমত্যের ও সযোগিতার। বিরোধী দলকে দমন করার প্রবণতা নিয়ে রাজনৈতিকভাবে সহযোগিতা পাওয়া কঠিন। অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী বলেন, জনগণের কল্যাণই প্রশাসনের মূল লক্ষ্য। প্রশাসনকে সুষ্ঠু ভিত্তিক করতে হলে সকল কালো আইন বাতিল করতে হবে।